

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 17-09-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

**PM set to launch Swasth Nari Sashakt Parivar and 4th
Rashtriya Poshan Maah campaigns in Madhya Pradesh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মধ্যপ্রদেশ সফর করবেন। তিনি ধর-এ সুস্থ নারী, সশক্ত পরিবার এবং ৮ম রাষ্ট্রীয় পোষণ মাস অভিযানের সূচনা করবেন। আজ থেকে আগামী মাসের ২ তারিখ পর্যন্ত সারা দেশের আযুষ্মান আরোগ্য মন্দির, কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র, জেলা হাসপাতাল এবং অন্যান্য সরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্রে এই অভিযান অনুষ্ঠিত হবে।

সফরকালে, প্রধানমন্ত্রী মাতৃবন্দনা যোজনার আওতায় তহবিল সরাসরি সারা দেশের যোগ্য মহিলাদের ব্যাংক অ্যাকাউন্টে স্থানান্তর করবেন।

প্রধানমন্ত্রী মাতৃ ও শিশু স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য স্বুমন স্থী চ্যাটবট চালু করবেন। সিকেল সেল অ্যানিমিয়ার বিরুদ্ধে দেশের সম্মিলিত লড়াইকে আরও এগিয়ে নিয়ে, প্রধানমন্ত্রী রাজ্যের জন্য এক কোটি সিকেল সেল স্ক্রিনিং এবং কাউন্টেলিং কার্ড বিতরণ করবেন।

Swasth Nari, Sashakt Parivar :

এদিকে, ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রীর উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে আজ আগরতলা সরকারি মেডিক্যাল কলেজ ও জিবি হাসপাতাল প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। এই অনুষ্ঠানেই মুখ্যমন্ত্রী "সুস্থ নারী, সশক্ত পরিবার" এর রাজ্যভিত্তিক অভিযানের সূচনা করবেন।

BJP launches 'Sewa Pakhwada' to mark PM Moti Birthday :

ভারতীয় জনতা পার্টি (বিজেপি) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫ তম জন্মদিন উপলক্ষে আজ থেকে দেশজুড়ে সেবা পাক্ষিক-সেবা পাখোয়াড়া আয়োজন করছে।

সেবা পাখোয়াড়া দোসরা অক্টোবর, মহাত্মা গান্ধী এবং লাল বাহাদুর শাস্ত্রীর জন্মদিবস পর্যন্ত চলবে। বিজেপির পক্ষ থেকে জানানো হয়েছে, শ্রী মোদী প্রথমে গুজরাটের মুখ্যমন্ত্রী এবং পরে প্রধানমন্ত্রী হিসেবে জনসেবা এবং সামাজিক সংস্কারের উপর ধারাবাহিকভাবে গুরুত্ব আরোপ করেছেন।

সেবা পাখোয়াড়ার সময়, দল বিভিন্ন কর্মসূচির পরিকল্পনা করেছে যাতে সমাজের প্রতিটি শ্রেণীর মানুষ সক্রিয়ভাবে সংযুক্ত হতে পারে।

Preparatory meeting on Seva Pakhwada :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক 'স্বচ্ছতাই সেবা'

শীর্ষক অনুষ্ঠানের সূচনা করবেন। অনুষ্ঠানকে সার্বিকভাবে সফল করার লক্ষ্যে, আগরতলা পুর নিগমের উদ্যোগে গতকাল এক সভা অনুষ্ঠিত হয়। পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, আজ থেকে ২রা অক্টোবর পর্যন্ত সেবা পক্ষে, দলের পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

PM Svanidhi Lok kalyan Mela :

গোমাতি জেলার উদয়পুর পুর পরিষদ এলাকায় স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে "স্বচ্ছতা হি সেবা-২০২৫", →PMAY-অঙ্গীকার" ও "পি এম স্বনিধি প্রকল্পে-লোক কল্যাণ মেলা" এই তিনি প্রকল্প বাস্তবায়নের আজ সূচনা হয়।

উদয়পুর পুর পরিষদের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের সূচনা করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার।

Biswakarma puja :

আজ দেবশিল্পী বিশ্বকর্মা পুজো। এই উৎসবটি সাধারণত ভাদ্র মাসের শেষ দিনে পালিত হয়। এই উৎসব সবাইকে যন্ত্র এবং সেগুলি পরিচালনাকারী দক্ষ কারিগরদের গুরুত্ব স্বীকার করার সুযোগ করে দেয়। দৈনন্দিন জীবন এবং শিল্পে এই উপাদানগুলির অপরিহার্য ভূমিকা তুলে ধরে এবং যারা সৃষ্টি ও নির্মাণ করেন তাদের প্রতি শুন্দা ও কৃতজ্ঞতার মনোভাব জাগিয়ে তোলে।

ARDD :

প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন রাজ্য মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ। রাজ্যের ৯৮% মানুষ আমিষ ভোজী। সরকারের লক্ষ্য কম খরচে শূকর চাষের মধ্য দিয়ে চাষীদের আর্থিক সমৃদ্ধি ঘটানো, সেই সঙ্গে পুষ্টির যোগান ও বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা করা। গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে শূকর চাষ বিষয়ক অল ইন্ডিয়া কোঅর্ডিনেটেড রিসার্চ প্রজেক্টের বাংসরিক পর্যালোচনা সভায় তিনি একথা বলেন।

Inauguration of reconstructed Matabari complex, under PRASAD Project:

PRASAD প্রকল্পে নবরূপে সজ্জিত উদয়পুর মাতা ত্রিপুরাঞ্জুন্দরী মন্দিরের উদ্বোধন করতে আগামী ২২ সেপ্টেম্বর ত্রিপুরা সফরে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তাঁর সফরকে ঘিরে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে আজ আগরতলায় এসে পৌঁছেছে এসপিজি টিম। ওই দলের সঙ্গে প্রধানমন্ত্রীর গাড়ি ও তাঁর কনভয়ের বাকি যানবাহন রাজ্যে এসেছে।

AIRPORT AUTHORITY, Yatri Seva Diwas:

আগরতলা বিমানবন্দর কর্তৃপক্ষ আজ যাত্রী সেবা দিবস উদয়াপনের উদ্যোগ নিয়েছে। গতকাল বিমানবন্দর প্রাধিকরণ কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে আগরতলা বিমানবন্দরের অধিকর্তা কে. সি. মিনা জানিয়েছেন, আজ

বিমানবন্দরে আগত বিমান যাত্রীদের অভ্যর্থনা জানানো হবে। এর সাথে 'এক পেড় মা কে নাম' কর্মসূচির আওতায় গাছের চারা লাগানো সহ বিভিন্ন অনুষ্ঠান হবে। অধিকর্তা জানান, যাত্রী ও পরিসেবা প্রদানের দিক দিয়ে আগরতলা বিমানবন্দর দেশে ১৫ তম স্থানে রয়েছে তিনি জানান, বেশ কিছুদিন বন্ধ থাকার পর সপ্তাহে তিনদিন সরাসরি দিল্লি-আগরতলা-দিল্লির মধ্যে ইন্ডিগো সংস্থার একটি বিমান চলাচল শুরু হয়েছে। চলতি মাসে আগরতলা-কলকাতার মধ্যে রাত সাড়ে ৮ টায় আরো একটি উড়ান শুরু হবে।

SUBRATA MUKHERJEE CUP :

নয়াদিল্লীতে স্বত্রত মুখার্জি কাপ ফুটবলের অনুর্ধ্ব ১৭ বছরের বালক বিভাগের প্রথম খেলায় ত্রিপুরা স্প্রোটস স্কুল পরাজিত হয়েছে। আজ অনুষ্ঠিত গ্রন্পের প্রথম খেলায় মিজোরামের স্কুল ৬-০ গোলে ত্রিপুরা স্প্রোটস স্কুলকে হারিয়ে দেয়।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।
